

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ ডিসেম্বর ২০২১ খ্রি.

শহীদ বুদ্ধিজীবী দিবসে জাতির শ্রেষ্ঠ সন্তানদের শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে মেয়র
অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক
সমাজ গড়তে পারলেই তাঁদের আত্মত্যাগ স্বার্থক হবে

জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এসময় তিনি বলেন, শহীদ বুদ্ধিজীবীদের রেখে যাওয়া আদর্শ এবং পথ অনুসরণ করে অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক সমাজ গড়তে পারলেই তাঁদের আত্মত্যাগ স্বার্থক হবে। মেয়র বলেন, ২০২১সাল বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী ও ৭১তম স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের বছর। বাংলাদেশকে ২০৪১সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার দায়িত্ব হচ্ছে এপ্রজন্মের সন্তানদের। তিনি আগামী প্রজন্মকে ৭১'র চেতনায় উজ্জীবিত হয়ে আগামীদিনের নেতৃত্ব হাতে নেয়ার প্রস্তুতি গ্রহণের আহ্বান জানান। আজ মঙ্গলবার সকালে পাহাড়তলী বধ্যভূমিতে শহীদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভে শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি আবদুস সালাম মাসুম, কাউন্সিলর ড. নেছার উদ্দিন আহমেদ মঞ্জু, জুল্লরুল আলম জসিম, হাসান মুরাদ বিপ্লব, এসরাফুল হক, সংরক্ষিত কাউন্সিলর জাহেদা বেগম পপি, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরীসহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মহান বিজয় দিবস ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে চসিকের কর্মসূচি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামী ১৬ ডিসেম্বর বৃহস্পতিবার মহান বিজয় দিবস ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে দিনব্যাপী ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে-সূর্যোদয়ের সাথে সাথে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নেতৃত্বে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পমাল্য অর্পণ, সকাল সাড়ে ৭ টায় টাইগারপাসস্থ নগর ভবন চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, ৮ টায় প্যারেড মাঠে চসিকের স্কুল-কলেজ ও কিন্ডার গার্টেন সমূহের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারী সমাবেশ, সাড়ে ৮ টায় পবিত্র কোরআন তেলাওয়াত, ৮.৫৫ মিনিটে প্যারেড পরিদর্শন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ, ৯.৫০ মিনিটে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে, ১০.৫৫ মিনিটে কুচকাওয়াজ, ডিসপ্লে ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ, বিকেল সাড়ে ৪ টায় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ পাঠ অনুষ্ঠানে অংশগ্রহণ এবং আগামী ১৯ ডিসেম্বর রোববার বেলা ১১টায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন হলে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান সমূহে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারীপন্য উৎপাদন ও বাজারজাত করার মিষ্টিকুল বেকারীকে এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। নগরীকে পলিথিন মুক্ত পরিবেশ বান্ধব নগর গড়ার লক্ষ্যে কাজীর দেউরী বাজার, চকবাজার ও কর্ণফুলী বাজারে নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে পরিচালিত অভিযানে চকবাজারের একটি দোকানে পলিথিন ব্যাগ পাওয়ায় দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক পাঁচশত টাকা জরিমানা আদায় করা হয় এবং পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিন বর্জনের জন্য বাজারের ব্যবসায়ী এবং ক্রেতা সাধারণকে নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে মহানগরীতে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ বৃদ্ধি রোধে ২১নং জামালখান ওয়ার্ডের কাজীর দেউরী, এস এস খালেদ রোড ও রহমতগঞ্জ এলাকায় মশক নিধন কার্যক্রম সুপারভিশন ও মনিটরিং করা হয়। একই অভিযানে বাকলিয়া এলাকায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারীপন্য উৎপাদন ও বাজারজাত করার দায়ে মিষ্টিকুল বেকারীর বিরুদ্ধে মামলা রুজু পূর্বক এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩